# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র বিষয় কোড: ২ ৭ ৭

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶আমাদের দেশে শীতকালে চাহিদার তুলনায় অনেক বেশি টমেটো উৎপাদন হয়। টমেটোর চাহিদা সারা বছর জুড়ে থাকে। চাহিদার তুলনায় উৎপাদন বেশি হয় বলে কৃষকেরা ন্যায্যমূল্য পায়না। আশার কথা আমাদের পার্শ্ববর্তী দেশগুলোতে টমেটোর যথেষ্ঠ চাহিদা রয়েছে। আমাদের চাহিদা মিটিয়ে সরকারি সহযোগিতায় উদ্বৃত্ত টমেটো পার্শ্ববর্তী দেশগুলোর চাহিদা মিটানোর পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জনে ব্যাপক ভূমিকা রাখতে পারে।

ক. নৈতিকতা কী? ১

খ. পণ্যের মালিকানা সংক্রান্ত প্রতিবন্ধকতা কীভাবে দূর করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আমাদের দেশে টমেটো উৎপাদনে কোন পরিবেশের প্রভাব সর্বাধিক? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিবেশের কোন উপাদান টমেটো বিক্রয়ের ন্যায্য মূল্য প্রাপ্তিতে ভূমিকা রাখতে পারে? এ বিষয়ে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

২.▶জনাব আজম ও তার চার বন্ধু মিলে যশোরের রূপনগরে একটি ব্যবসায় স্থাপন করেন। এখানকার বেশীর ভাগ লোকই দারিদ্র্যপীড়িত। এ প্রতিষ্ঠানের অন্যতম উদ্দেশ্য হলো কোন বিশেষ সামাজিক, নৈতিক ও পরিবেশগত উদ্দেশ্য বাস্তবায়ন করা। পাঁচ বন্ধু অক্লান্ত পরিশ্রমের ফলে প্রতিষ্ঠানটি ব্যাপক সাফল্য লাভ করে প্রচুর মুনাফা অর্জন করছে। ব্যবসায়ের অর্জিত মুনাফা থেকে সদস্যদের বিনিয়োগকৃত মূলধন ফেরত দেয়া এবং অবশিষ্ট মুনাফা প্রতিষ্ঠানের উন্নয়নে ব্যয় করা হয়। ফলে প্রতিষ্ঠানের কর্মীরা আনন্দমুখর পরিবেশের মধ্য দিয়ে কাজ করে যাচ্ছে।

ক. পুনঃ রপ্তানি কী? ১

খ. রাষ্ট্রীয় ব্যবসায়ের উদ্দেশ্য কেন ব্যর্থ হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আজমদের প্রতিষ্ঠিত ব্যবসায়টি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর আজমদের প্রতিষ্ঠিত ব্যবসায়টি দেশের দরিদ্রতা দূরীকরণে অবদান রাখতে সক্ষম? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ রাসেল তার পাঁচ বন্ধুকে নিয়ে একটি অংশীদারি ব্যবসায় গঠন করে। সমান মূলধন নিয়েও ৩ বছর কোন মুনাফা না পাওয়ায় রাসেল আদালতে মামলা করে কিন্তু আদালত তার মামলা খারিজ করে দেয়। অপর দিকে তার বড় ভাই রবিন মূলধন বিনিয়োগ না করে নিজ দক্ষতা, অভিজ্ঞতা ও শারিরীক শ্রম ব্যয় করে অন্য একটি অংশীদারি ব্যবসায়ের সদস্য হয়েছে। সে ব্যবসায় থেকে অনেক মুনাফা পায়।

ক. ঐচ্ছিক অংশীদারি ব্যবসায় কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাসেলের মামলা আদালত কেন খারিজ করে দিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাসেলের বড় ভাই রবিন অংশীদারি ব্যবসায়ের কোন ধরনের অংশীদার? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দিয়ে ব্যাখ্যা কর। ৪

৪. ▶ মধুপুর গ্রামের রহমত মিয়া ১০০ জন সদস্য নিয়ে 'জয়' নামে একটি সমবায় সংগঠন গড়ে তোলেন। যার প্রধান উদ্দেশ্য সদস্যদের আর্থিক কল্যাণ সাধন। তারা মূলত ক্ষুদ্র উৎপাদকদের থেকে পণ্য সংগ্রহ করে তা নিজেদের মধ্যে ন্যায্য মূল্যে বিক্রি করে। প্রতিষ্ঠানটি গ্রামের অন্যান্য লোকদের নিকটও স্বল্প লাভে পণ্য বিক্রয় করে। ২০১৪ সালে জয় সমবায় সমিতি ৫,০০,০০০/- টাকা মুনাফা অর্জন করতে সক্ষম হয়। যা সমবায় বিধি অনুযায়ী সদস্যদের মধ্যে বণ্টনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. একক নিয়ন্ত্রন সম্ভব হলে একমালিকানা ব্যবসায়ই উত্তম কেন? ২

গ. উদ্দীপকের 'জয়' কোন ধরনের সমবায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত ব্যবসায় সংগঠনটি কাদের দৌরাত্ম্য কমাতে সক্ষম হয়েছে বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৫. ▶ অজয়, রাহাত ও তাদের পাঁচ বন্ধু মিলে ব্যবসায় গঠনের উদ্যোগ নেয়। ব্যবসায়ের নামে ঠিক করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়। সে সাথে

http://teachingbd.com

দলিলাদি প্রস্তুতসহ সকল প্রকার আনুষ্ঠানিকতাও পালন করে। যথাযথ কর্তৃপক্ষ সবকিছু পরীক্ষা করে সন্তুষ্ট হয়ে তাদের ব্যবসায়ের আইনগত স্বীকৃতি প্রদান করে।

ক. শেয়ার কী? ১

খ. বিবরণ পত্র কেন প্রচার করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বন্ধুদের দ্বারা গঠিত ব্যবসায়টি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যবসায়টি শুরু করতে হলে কোন ধাপটি। পদক্ষেপ পালন অধিক জরুরি বলে তুমি মনে কর? যথাযথ যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬.▶মি. আশিক 'আশিক সুজ' নামে একটি কারখানা স্থাপন করেন। শিল্প সংক্রান্ত জ্ঞানার্জনের জন্য তিনি একটি সরকারি প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন। কীভাবে কারখানার উন্নয়ন ঘটাবেন, বাজারজাতকরণ ও তার প্রসার করবেন ইত্যাদি বিষয়ে উক্ত প্রতিষ্ঠানটি পরামর্শ প্রদান করে। তাছাড়া তিনি তার প্রতিষ্ঠানটি সম্প্রসারণের জন্য AB ব্যাংক থেকে ঋণ সহযোগিতা পেয়ে থাকেন। ফলে মি. আশিকের প্রতিষ্ঠানটি বাজারে ইতিবাচক প্রভাব তৈরিতে সক্ষম হয়।

ক. কোন দলিলকে সমবায়ের গঠনতন্ত্র বলে? ১

খ. PPP বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মি. আশিক প্রথমে কোন ধরনের সহায়তা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের AB ব্যাংক মি. আশিককে যে সহায়তা প্রদান করেছেন তা উল্লেখ পূর্বক তার প্রয়োজনীয়তা মূল্যায়ন কর। ৪

৭.▶XY নামের একটি প্রসিদ্ধ ব্যাংকের ৪০% শেয়ার সাধারণ জনগনের। ব্যাংকটি অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে যেখানে শাখা আছে সেখানেও ব্যাংকটি কার্যক্রম পরিচালনা করে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে জনগণের ১০০ টাকার উপর হিসাব খোলার সিদ্ধান্ত নেয়। এই হিসাবের মাধ্যমে বিদ্যুৎ বিল, পানির বিল গ্রহণ করা হয় এবং কৃষিঋণও দেয়া হয়। এতে প্রতিষ্ঠানটির সুনাম বৃদ্ধি পাচ্ছে।

http://teachingbd.com

ক. এস এম এস ব্যাংকিং কি? ১

খ. উদ্যোক্তাকে XY নেতা বলা যায় কি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. XY নামক ব্যাংকটি তার নতুন সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে কী ধরনের সুবিধা করতে পারে বলে তুমি মনে কর? যুক্তি দিয়ে বিশ্লেষণ কর। ৪

৮. ▶ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ থেকে সদ্য পাশ করা ৫ বন্ধু মিলে গ্রুপ ফাইভ নামে একটি প্রাইভেট লি: কোম্পানি প্রতিষ্ঠা করে। উক্ত ৫ উদ্যোক্তাগন কামরাঙ্গার জুস বাজারজাতকরণ কৌশল আবিষ্কার করে। প্রতিষ্ঠানটি সরকারের সাথে চুক্তি সম্পাদন করে কামরাঙ্গার জুস বোতলজাত ও বাজারজাতকরণের একচেটিয়া অধিকার লাভ করে। তরুণ ৫ উদ্যোক্তাগণ উক্ত সৃজনশীল পণ্য ও সেবা বাজারজাতকরণের মাধ্যমে আর্থিকভাবে ব্যাপক সফলতা অর্জন করে।

ক. কোন ঋণকে এক ধরনের ধার বলা হয়? ১

খ. ব্যবসায়ে মূল্যবোধের প্রয়োজন আছে কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের গ্রুপ ফাইভের সাথে সরকারের সম্প্রতি চুক্তিকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর গ্রুপ ফাইভের সফলতায় সরকারের সাথে সম্পাদিত চুক্তিটির ভূমিকা প্রয়োজনীয় ছিল? যুক্তিসহ তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

৯. ▶ কুমু ও রিমি দুই বোন। X ব্যাংক হতে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিয়ে কার্ড নেয়। অন্যদিকে রিমি কোন টাকা জমা না দিয়ে Y ব্যাংক হতে একটি কার্ড নেয়। উভয়েই সেই কার্ড দ্বারা নির্দিষ্ট পরিমাণ পণ্য সামগ্রী কেনা কাটা করতে পারেন এবং প্রয়োজনে এটিএম বুথ থেকে টাকা উত্তোলন করতে পারে।

ক. কার মাধ্যমে রাষ্ট্রীয় ব্যবসায় গঠিত হয়? ১

খ. ISO সনদ কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কুমুর কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বিদ্যমান পরিস্থিতি X ও Y ব্যাংক দুটির মধ্যে কোনটির ঝুঁকি বেশি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড: ২ ৭ ৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. নিচের কোনটি বাণিজ্য?
ক) মাছ চাষ খ) রাস্তা নির্মাণ
গ) পণ্য পরিবহন ঘ) কয়লা উত্তোলন

২. অংশীদারি আইন অনুযায়ী কোন ধরনের অংশীদার ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করতে পারে না?
ক) নামমাত্র খ) সীমিত
গ) প্রতিবন্ধ ঘ) প্রতিবন্ধ

৩. শেয়ার মালিকদের দায় সাধারণত—
i. শেয়ার মূল্যদ্বারা সীমাবদ্ধ থাকে
ii. প্রতিশ্রুতি দ্বারা সীমাবদ্ধ থাকে
iii. মূলধন দ্বারা সীমাবদ্ধ থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
রূপনগর গ্রামের চাষীরা সবজির ভাল দাম পাওয়ার জন্য একটি সমবায় সমিতি গঠন করেন। নিজেরাই সবজি বাজারে বিক্রি করে। চলতি বছরে তাদের মুনাফার পরিমাণ ১,০০,০০০ টাকা। তারা মুনাফার টাকাটা নিজেদের মধ্যে বণ্টন করতে চায়।

৪. উদ্দীপকে উল্লেখিত সমবায় সমিতিটি কোন ধরনের?
ক) ভোক্তা খ) উৎপাদক
গ) বিপণন ঘ) বহুমুখী

৫. উদ্দীপকের সংগঠনটি চলতি বছরে মুনাফার সর্বোচ্চ কত পরিমাণ অর্থ নিজেদের মধ্যে বণ্টন করতে পারবে?
ক) ১,০০,০০ টাকা খ) ৯৫,০০০ টাকা
গ) ৮৫,০০০ টাকা ঘ) ৮০,০০০ টাকা

৬. অংশীদারি ব্যবসায়ের উৎপত্তির কারণ হলো—
i. পুঁজির স্বল্পতা দূরীকরণ
ii. ব্যক্তিগত সামর্থের সীমাবদ্ধতা দূরীকরণ
iii. বৃহদায়তন ব্যবসায়ের সুবিধা ভোগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. কোন দলিলটি প্রাইভেট লি. কোম্পানি সংশ্লিষ্ট হয়?
ক) স্মারকলিপি খ) পরিমেল নিয়মাবলী
গ) নিবন্ধনপত্র ঘ) বিবরণপত্র

**উদ্দীপকটি পড়ো এবং ৮নং প্রশ্নের উত্তর দাও।**
রায়নগরের জনাব পলাশ তার নিজ এলাকায় নিজস্ব পুঁজি নিয়ে একটি মাছের খামার গড়ে তোলেন। কঠোর পরিশ্রম, বুদ্ধিমত্তা ও অধ্যবসায়ের ফলে তিনি সফলতা লাভ করেছেন।

৮. কঠোর পরিশ্রম জনাব পলাশের কোন ধরনের বৈশিষ্ট্য?
ক) ব্যক্তিগত বৈশিষ্ট্য খ) সামাজিক বৈশিষ্ট্য
গ) মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্য ঘ) অর্থনৈতিক বৈশিষ্ট্য

৯. পেটেন্টের আবেদন গ্রহণ করলে রেজিস্ট্রার—
i. বিষয়বস্তু গোপন রাখেন
ii. আবেদনকারীকে নোটিশ দেবে
iii. আবেদন গ্রহণ বিষয়ে বিজ্ঞাপন দেবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. কপিরাইটের মাধ্যমে কোনটির একচ্ছত্র অধিকার প্রদান করা হয়?
ক) উদ্ভাবনের খ) মেধাসম্পদের
গ) আবিষ্কারকের ঘ) দৃশ্যমান সম্পদের

১১. বিচার বিশ্লেষণের মাধ্যমে সফল উদ্যোক্তা সিদ্ধান্ত নেন কেন?
ক) ব্যবসায় সুদক্ষভাবে পরিচালনার জন্য
খ) ভবিষ্যতে মুনাফা লাভের আশায়
গ) ব্যবসায়ের উন্নতি সাধনের জন্য
ঘ) ব্যবসায়ে তার অভীষ্ট লক্ষ্যে পৌছানোর জন্য

১২. ব্যবসায়িক ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার প্রতিষ্ঠানের কী রোধ করে?
ক) সময় খ) অপচয় গ) ব্যয় ঘ) আয়

১৩. GP মোবাইল কোন কোন ধরনের শিল্পের আওতাভুক্ত?
ক) নির্মাণ খ) নিষ্কাশন
গ) প্রস্তুত ঘ) সেবা পরিবেশক

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
আমির, জহির ও জেহাদ প্রত্যেকে ২,০০,০০০ টাকা মূলধন দিয়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলে। জহির ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ না করেও অর্জিত মুনাফার ২,৫০,০০০ টাকার $\frac{১}{২}$ অংশ দাবি করে। পরবর্তী সময়ে জহিরের মস্তিষ্ক বিকৃতি ঘটলে তারা ব্যবসায়টি অবসায়নের সিদ্ধান্ত নেয়।

১৪. উদ্দীপকে বর্ণিত তুহিন কোন ধরনের অংশীদার?
ক) সাধারণ খ) কর্মী
গ) নিষ্ক্রিয় ঘ) প্রতিবন্ধক

১৫. অংশীদারি আইন অনুযায়ী প্রতিষ্ঠানটির উপযুক্ত বিলোপসাধন প্রক্রিয়া কোনটি?
ক) আদালতের মাধ্যমে খ) বাধ্যতামূলক
গ) বিজ্ঞপ্তি দ্বারা ঘ) ঘটনা সাপেক্ষ

১৬. SME ফাউন্ডেশনের প্রধান লক্ষ্য হচ্ছে—
i. কর্মসংস্থান সৃষ্টি ii. সামাজিক বৈষম্য হ্রাস
iii. দারিদ্র বিমোচন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. কী সম্পর্কে ধারণা থাকলে ব্যবসায়ীরা সহজেই ব্যবসায় পরিচালনা করতে পারবে?
ক) ব্যবসায় খ) মূলধন
গ) ব্যবসায়ের আইনগত দিক
ঘ) নিয়ম-নীতি

১৮. কোন ক্ষেত্রে এক মালিকানা ব্যবসায় অংশীদারি ব্যবসায় অপেক্ষা অধিক সুবিধা ভোগ করে?
ক) দ্রুত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে
খ) মূলধনের ক্ষেত্রে
গ) দায়ের দিক থেকে ঘ) নিবন্ধনের ক্ষেত্রে

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
সানরাইজ লি. কোম্পানি স্টার লি. কোম্পানি নামক অপর একটি কোম্পানির ৬০% শেয়ার ক্রয় করে। পরবর্তীতে স্টার লি. কোম্পানির ১০ পরিচালকের মধ্যে নিজেদের থেকে ৬ জনকে পরিচালক নিয়োগ দেন।

১৯. উদ্দীপকের সানরাইজ লি. কোম্পানিটি বর্তমানে কোন ধরনের সংগঠন?
ক) সরকারি খ) বিধিবদ্ধ
গ) হোল্ডিং ঘ) সাবসিডিয়ারি

Teachingbd.com

২০. রাষ্ট্রীয় সংগঠনের উদ্দেশ্য হচ্ছে—
i. একচেটিয়া ব্যবসায় রোধ
ii. জনকল্যাণ
iii. মুনাফা অর্জন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. কোনটি ব্যবসায়িক মূল্যবোধের পরিচালক?
ⓚ দীর্ঘ সময় পণ্য মজুদ রাখা
ⓚ জনগণকে পণ্যের ভাগ দিক সম্পর্কে জানানো
ⓖ ন্যায্য মূল্যে পণ্য বিক্রি করা
ⓖ পণ্য উৎপাদনের সাধারণ উপকরণের ব্যবহার

২২. উদ্দীপনামূলক সহায়তা কোনটি?
(ক) তথ্য সরবরাহ করা (খ) ঋণ দান
(গ) কর অবকাশ (ঘ) ভর্তুকি প্রদান

২৩. মানসম্মত পণ্য সরবরাহের মাধ্যমে ব্যবসায় সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করে?
(ক) পরিবেশ (খ) কর্মচারী
(গ) ভোক্তা (ঘ) ব্যবসায়ী

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
রবিন তার ব্যবহৃত মোবাইল নাম্বার দিয়ে এবিসি ব্যাংকে একটি একাউন্ট খুলে। সে পিন নাম্বার দিয়ে প্রয়োজনে এজেন্ট থেকে টাকা উত্তোলন করতে পারে।

২৪. রবিন কোন সেবার মাধ্যমে সহজে টাকা উত্তোলন করে?
(ক) ই-কমার্স (খ) মোবাইল ব্যাংকিং
(গ) বিকাশ (ঘ) মানিগ্রাম

২৫. রবিন পিন কোড ব্যবহার করে করতে পারে—
i. ব্যাংক হিসাব বিবরণী সংগ্রহ
ii. অর্থ পাঠানো
iii. অর্থ উত্তোলন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. ব্যবসায়ের সামাজিক পরিবেশের উপাদান কোনটি?
(ক) মানব সম্পদ (খ) আন্তর্জাতিক সম্পর্ক
(গ) প্রযুক্তিগত শিক্ষা (ঘ) সরকারি নীতিমালা

২৭. একমালিকানা ব্যবসায় গঠন করতে নিচের কোনটি সর্বাগ্রে প্রয়োজন?
(ক) স্বল্প মূলধন (খ) ট্রেড লাইসেন্স
(গ) ব্যক্তিগত উদ্যোগ (ঘ) দোকান ভাড়া করা

২৮. বাংলাদেশ রেলওয়েকে দুটি জোনে বিভক্ত করা হয়—
i. প্রশাসনিক সুবিধার জন্য
ii. পরিচালনার সুবিধার জন্য
iii. সম্প্রসারণের সুবিধার জন্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
রাহাত যুব উন্নয়ন অধিদপ্তরের সহায়তায় মৌমাছি পালন করে এলাকায় আলোড়ন সৃষ্টি করেছে। তার উৎপাদিত মধুর প্রচুর চাহিদা থাকায় তার বেশ মুনাফা অর্জিত হয়েছে।

২৯. উদ্দীপকের রাহাত কোন ধরনের শিল্পের সাথে জড়িত?
(ক) গঠনমূলক শিল্প (খ) সেবা শিল্প
(গ) কৃষিভিত্তিক শিল্প (ঘ) কুটির শিল্প

৩০. খাদ্যে ভেজাল মিশ্রণ নিচের কোনটির কারণে মানুষ করে থাকে?
(ক) নৈতিকতার অভাব
(খ) ব্যবসায়ের মূল্যবোধের অভাব
(গ) জ্ঞানের অভাব (ঘ) দারিদ্রতা

৩১. যোগ্যতা সূচক শেয়ার ক্রয়ের প্রয়োজন হয়—
i. শেয়ারহোল্ডার দ্বারা নিয়োজিত পরিচালকদের
ii. সরকার দ্বারা নিয়োজিত পরিচালকদের
iii. প্রবর্তকদের
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩২. BTCL কোন মন্ত্রণালয়ের অধীনে কার্যক্রম পরিচালনা করে?
(ক) যোগাযোগ মন্ত্রণালয়
(খ) তথ্য মন্ত্রণালয়
(গ) ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
(ঘ) বাণিজ্য মন্ত্রণালয়

৩৩. ব্যবসায় জগতে সঠিক পথের দিক নির্দেশনা হিসেবে কাজ করে কোনটি?
(ক) সামাজিক প্রথা (খ) নৈতিক মূল্যবোধ
(গ) সাংস্কৃতিক (ঘ) আইন

উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।
মিসেস নাসরিনকে আগে কখনও বিমা করতে হয়নি। কিন্তু তার বুটিক শপের জন্য নির্মাণাধীন কারখানার লাইসেন্স সংগ্রহ করতে গিয়ে বাধ্য হয়ে তাকে বিমা করতে হয়েছে।

৩৪. মিসেস নাসরিন তার কারখানার জন্যে কোন ধরনের বিমা করেছেন?
(ক) নৌ বিমা (খ) জীবন বিমা
(গ) অগ্নি বিমা (ঘ) দায় বিমা

৩৫. মিসেস নাসরিনের করা বিমার উদ্দেশ্য কী?
(ক) সঞ্চয়ের সুবিধাদান
(খ) মানসিক নিরাপত্তা লাভ
(গ) মানসিক ও প্রশান্তি লাভ
(ঘ) সরকারি বিধানের প্রতি সম্মান প্রদর্শন

৩৬. নৈতিক চরিত্র গঠনে নিচের কোন প্রতিষ্ঠানটির ভূমিকা বেশি?
(ক) একমালিকানা সংগঠন (খ) অংশীদারি সংগঠন
(গ) সমবায় সংগঠন (ঘ) কোম্পানি সংগঠন

৩৭. দেশীয় বিনিয়োগ কার্যক্রমের উন্নয়নে ভূমিকা পালন করে কোনটি?
(ক) বিনিময় নীতি (খ) শিল্প নীতি
(গ) রাজস্ব নীতি (ঘ) বিনিয়োগ নীতি

৩৮. ব্যবসায়িক কার্যকলাপ গতিশীল রাখার উৎকৃষ্ট পন্থা কী?
(ক) লেনদেনের সংখ্যা নিরূপন করা
(খ) লেনদেনের প্রকৃতি নিরূপন করা
(গ) নগদ লেনদেন করা
(ঘ) ধারে লেনদেন করা

৩৯. রচডেল সমবায় সমিতি উৎপত্তি হয় কোথায়?
(ক) আমেরিকা (খ) ফ্রান্স
(গ) জাপান (ঘ) ইংল্যান্ড

৪০. ব্যাংকের সকল কার্যক্রম কোন লক্ষ্যে পরিচালিত হচ্ছে?
(ক) শিল্প প্রতিষ্ঠায় (খ) উদ্যোক্তা উন্নয়নে
(গ) পুনর্বাসনে (ঘ) ত্রাণ বিতরণে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | খ |

http://teachingbd.com